

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২ অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে
তৃতীয় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী (জানুয়ারি-মার্চ, ২০২২)

সভাপতি	মোঃ আবুল বাসার সিদ্দিক আকন পরিচালক (যুগ্মসচিব)
সভার তারিখ	১০.০৩.২০২২
সভার সময়	দুপুর ০২.৩০ ঘটিকা
স্থান	বিএমডির সভা কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিটিজেন চার্টার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা মোসাঃ মাহবুবা খাতুন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) আলোচ্যসূচি অনুযায়ী সভায় কর্মপরিকল্পনার বিভিন্ন বিষয় নিয়ে আলোকপাত করেন। তিনি বলেন, বিএমডির সহকারী পরিচালক (ভূতত্ত্ব) যেহেতু প্রসূতি ছুটিতে যাবেন তাই তার অনুপস্থিতিতে আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব সহকারী পরিচালক (ভূ-রসায়ন) জনাব আজিজুল হককে অফিস অর্ডারের মাধ্যমে ইতোমধ্যে প্রদান করা হয়েছে। সভাপতি বলেন, যেহেতু দায়িত্বের পরিবর্তন হয়েছে সুতরাং সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোডের নির্দেশনা প্রদান করেন। প্রশিক্ষণের বিষয়ে সভাপতি জানতে চাইলে ফোকাল পয়েন্ট জানান, কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য সেবা প্রদান সংক্রান্ত আইন-কানুন, বিধিবিধান, চাকুরি বিধি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে ০৪ টি প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে এবং বিএমডি কর্তৃক ইতোমধ্যে ০৪ টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। সভাপতি সিটিজেন চার্টার বিষয়ক পরিবীক্ষণ কমিটিকে সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোডের নির্দেশনা প্রদান করেন এবং সকল কর্মকর্তাকে সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদানের অনুরোধ জানান। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র.নং	কার্যক্রম/আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	১.১ সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন	সভাপতির নির্দেশনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়;	ফোকাল পয়েন্ট কর্মকর্তা/আইসিটি কর্মকর্তা
	১.২ সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ	সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে তৃতীয় ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২.	২.১ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ০৪ টি প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক চতুর্থ প্রশিক্ষণটি তৃতীয় কোয়ার্টারে অর্থাৎ জানুয়ারি মাসে আয়োজন করা হয়েছে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সম্পন্ন করা হয়।



মোঃ আবুল বাসার সিদ্দিক আকন
পরিচালক (যুগ্মসচিব)

স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.৩৫.০০১.০২.১২৯

তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৮

১৪ মার্চ ২০২২

বিতরণ : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

- ১) উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
- ২) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৩) উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৪) সহকারী পরিচালক (ভূতত্ত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৫) সহকারী পরিচালক (ভূ-রসায়ন), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৬) পি.এ টু মহাপরিচালক/পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), ঢাকা;
- ৭) অফিস কপি।



মোসাঃ মাহবুবা খাতুন
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)